

সংযোজনী-২:

কর্মসম্পাদন সূচক, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি এর বিবরণ

ক্রমিক নং	ব্যয়ক্রম	কর্ম সম্পাদন সূচকসমূহ	বিবরণ	বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা	পরিমাপ পদ্ধতি এবং উপসূত্র	সাধারণ মন্তব্য
১	কৃষি প্রজন্ম সম্প্রসারণ	প্রজননকৃত গাভীর সংখ্যা	গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন একটি পদ্ধতি যার মাধ্যমে গাভীকে নির্দিষ্ট সময়ে কৃত্রিম উপায়ে প্রজনন করা হয়। এটি গবাদিপশুর জাত উন্নয়ন তথা দুধ এবং মাংস উৎপাদন বৃদ্ধির জন্য আবশ্যিক। সকল জেলা জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র এবং পয়েন্টসমূহে আউজ মাঠকর্মী/কৃত্রিম প্রজনন কর্মীর মাধ্যমে মাঠ পর্যায়ে কৃত্রিম প্রজনন কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	নির্দিষ্ট রাজস্ব ও প্রকল্প কার্যক্রম
২	সংকর জাতের গবাদিপশুর বাহুর উৎপাদন	উৎপাদিত সংকর জাতের বাহুর	শেখাপাড়া কৃত্রিম প্রজনন কেন্দ্র, উপকেন্দ্র ও পয়েন্টের মাধ্যমে পরিচালিত এ.ভাই কার্যক্রমের ফলাফল হিসেবে উৎপাদিত সংকর জাতের বাহুর খামারী ও পারিবারিক পর্যায়ে গলন করা হয়ে থাকে যা দুধ ও মাংস উৎপাদনে ব্যাপক ভূমিকা রাখছে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	বাহুর মৃত্যু প্রতিরোধের জন্য কর্মসূচি/ উন্নয়ন প্রকল্প প্রয়োজন
৩	গবাদিপশু পাখির চিকিৎসা প্রদান	চিকিৎসাকৃত গবাদিপশু ও পাখি	দেশের প্রতিটি উপজেলা, জেলা প্রাণী হাসপাতাল এবং কেন্দ্রীয় প্রাণী হাসপাতালে ডিএলএস এর ভেটেরিনারী সার্জন কর্তৃক অসুস্থ/রোগাক্রান্ত গবাদিপশু ও পাখির চিকিৎসা সেবা প্রদান করা হয়ে থাকে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	মোবাইল ভেটেরিনারি সেবা প্রয়োজন
৪	টিকা প্রদান সম্প্রসারণ	টিকা প্রয়োগকৃত গবাদিপশুপাখি	গবাদিপশু-পাখির রোগ-প্রতিরোধ ক্ষমতা সৃষ্টির লক্ষ্যে টিকা প্রদান করা হয়ে থাকে। ডিএফএ এবং অন্যান্য মাঠ কর্মী মাঠ পর্যায়ে টিকা প্রদান করে থাকে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	উন্নয়ন প্রকল্প প্রয়োজন
৫	খামারী সচেতনতা বৃদ্ধিকরণ	সচেতন খামারী	মাঠ পর্যায়ের খামারীদের গবাদিপশু-পাখি পালনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রাণিসম্পদ অধিদপ্তর কর্তৃক খামার ব্যবস্থাপনা, রোগ নিয়ন্ত্রণ ও আশ্রয়স্থানের সুযোগ সৃষ্টির লক্ষ্যে সচেতনতার কার্যক্রম পরিচালিত হয়ে থাকে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	উন্নয়ন প্রকল্প প্রয়োজন
৬	প্রযুক্তি হস্তান্তরে উঠান বৈঠক (গবাদিপশু)	উঠান বৈঠক	মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী গবাদিপশুর খামার প্রতিষ্ঠায় সাধারণ উদ্যোক্তাগণকে উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	আধুনিক প্রযুক্তি প্রয়োজন
৭	প্রযুক্তি হস্তান্তরে উঠান বৈঠক (পোখু)	উঠান বৈঠক	মাঠ পর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ ক্ষুদ্র এবং মাঝারী পোখু খামার প্রতিষ্ঠায় উঠান বৈঠক এর মাধ্যমে কারিগরী ও প্রযুক্তিগত সহায়তা প্রদান করে থাকে।	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর	বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর এর বার্ষিক প্রতিবেদন	আধুনিক প্রযুক্তি প্রয়োজন